দৈনিক জনকণ্ঠ

১৭

তারিখ ... ... MAR 1 2 2000 ...
পৃষ্ঠা ... কলাম ...

## নকল সরবরাহের ছবি তোলায় জনকণ্ঠ সাংবাদিককে পিটিয়েছে গাংনীর ওসি

**মেহেরপুর, ১১ মার্চ (নিজস্ব সংবাদদাতা)** ॥ নকল সরবরাহের ঘটনা ক্যামেরাবন্দী করায় মেহেরপুর জেলার গাংনী থানার ওসি জনকণ্ঠের সাংবাদিককে লাঠিপেটা শেষে ক্যামেরা কেড়ে নিয়ে ফিল্ম খুলে অবশেষে ক্যামেরা ফেলে দিয়েছেন। জনকণ্ঠের আহত

(২- পৃষ্ঠা ৪-এর কঃ দেখুন)

## নকল সরবরাহের

(১২-এর পাতার পর)

সাংবাদিক বর্তমানে হাসপাতালে চিকিৎসাধীন। শনিবার এসএসসি অঙ্ক পরীক্ষায় গাংনী থানার ওসি নকলপ্রতি এক শ' টাকা করে গ্রহণ করে সরবরাহের সুযোগ করে দেন। এই অভিযোগ পেয়ে সাংবাদিকরা গাংনী ডিগ্রী কলেজ উপকেন্দ্রে গিয়ে নকল সরবরাহ প্রত্যক্ষ করেন। এ সময় জনকণ্ঠের সাংবাদিক মহসীন আলী আঙ্গুর ও দিনকালের আইনুল হক নকল সরবরাহের দৃশ্য ক্যামেরায় গ্রহণ করলে ওই ওসি বেধড়ক লাঠিপেটা করে তাঁদের আহত করেন। উপস্থিত লোকজন ওসি শাজাহান আলীর কুর্মকাণ্ডের প্রতিবাদ করলে তিনি বলেন, এ ঘটনা সংবাদপত্রে এলে পরিণতি হবে ভয়াবহ। ইতোপূর্বে ওই ওসি'র বিরুদ্ধে গণদুর্নীতির অভিযোগে সর্বদলীয়ভাবে গাংনীতে মিছিল-মিটিং হয়েছে।

ঘটনার প্রতিবাদে মেহেরপুর প্রেসক্লাবে এক জরুরীসভায় ঘটনার তীব্র নিন্দা ও বিচার দাবি করা হয়। পুলিশ সুপারকে ঘটনা জানানো হয়েছে। শনিবার অঙ্ক পরীক্ষায় মেহেরপুর সদরে ৩৫ ও গাংনী কেন্দ্রে ১৮ জন বহিষ্কার হয়েছে অসদুপায় অবলম্বনের দায়ে। এদিকে দারুল উলুম আহমদীয়া মাদ্রাসায় অনুষ্ঠিত পরীক্ষায় বোরখার অভ্যন্তরে দেদার চলেছে নকল। মাদ্রাসার শিক্ষকরাও তাঁদের সহযোগিতা করছেন নকল করতে।